

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর
কার্যক্রম [২.৪]-এর আওতায়
অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা/সেমিনারের কার্যবিবরণী:

সভাপতি : মহাপরিচালক (চলতি দায়িত্ব), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
স্থান : সভাকক্ষ (২য় তলা), তথ্য ভবন
তারিখ ও সময় : ১০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. বেলা ১২:০০ ঘটিকা

১.০ সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট 'ক'।


২.০ সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে
পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) ও এপিএ টিম লিডার সভাকে জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ)
আওতায় অফিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সেবা গ্রহীতাদের অংশগ্রহণে অবহিতকরণ সভা আয়োজনের
বাধ্যবাধকতার ভিত্তিতে এ সভা অনুষ্ঠিত হচ্ছে। তিনি আরও জানান, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের
লক্ষে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার গুরুত্ব অপরিসীম।

সভায় নিম্নোক্তভাবে আলোচনা হয় এবং গ্রহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়।

ক্র. নং	আলোচনা	গ্রহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অংশীজন: গণযোগাযোগ অধিদপ্তর (ক) গণযোগাযোগ অধিদপ্তর ডিএফপি কর্তৃক নির্মিত চলচ্চিত্র সারাদেশে প্রদর্শন করে থাকে। প্রচলিত ল্যাপটপসমূহে সিডি ড্রাইভ না থাকায় প্রদর্শনের সময় নানাবিধ অসুবিধা হয়। তাই চলচ্চিত্রের ডিভিডি'র সাথে পেনড্রাইভ সরবরাহ করার অনুরোধ করেন। (খ) প্রামাণ্যচিত্র/চলচ্চিত্র জনপ্রিয় শিল্পীদের মাধ্যমে নির্মাণের জন্য অনুরোধ জানান।	(ক) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত চলচ্চিত্রসমূহ গণযোগাযোগ অধিদপ্তরকে সরবরাহের সময় ডিভিডি'র পাশাপাশি ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে। (খ) গুণী ও জনপ্রিয় শিল্পীদের দ্বারা চলচ্চিত্র/প্রামাণ্যচিত্র নির্মাণ করতে হবে। তাতে দর্শক জনপ্রিয়তা বৃদ্ধি পাবে।	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
০২	অংশীজন: বাংলাদেশ ফিল্ম আর্কাইভ (ক) সচিত্র বাংলাদেশ, মাসিক নবাবুন এবং সংবাদচিত্র আরও বাড়াতে হবে। বিশেষ প্রামাণ্যচিত্র/ডকুড্রামা/টিভি ফিল্মের ইত্যাদি ফিল্ম আর্কাইভে সংরক্ষণের জন্য নিয়মিত পাঠাতে হবে।	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত সচিত্র বাংলাদেশ, মাসিক নবাবুন এর সংখ্যা আরও বাড়াতে হবে। এ অধিদপ্তর থেকে নির্মিত সংবাদচিত্র গুলো ফিল্ম আর্কাইভে সংরক্ষণের জন্য নিয়মিত প্রেরণ করতে হবে।	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

ক্র. নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অংশীজন: তথ্য অধিদফতর (ক) ফ্রোডপত্র প্রকাশে তথ্য অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের সমন্বয় খুব জরুরী। যেহেতু এখন ফ্রোডপত্রের কাজ অনেক বেশী। তাই সমন্বয় বাড়ানো প্রয়োজন। (খ) বিভিন্ন মিডিয়ার মাধ্যমে জনগণকে সচেতন করা।	(ক) তথ্য অধিদফতর যথাসময়ে ফ্রোডপত্রের ম্যাটার সরবরাহ করলে সমন্বয়ে কোনো সমস্যা হবে না। (খ) চলচ্চিত্র ও প্রকাশনা কর্তৃক বিভিন্ন সচেতনতামূলক প্রামাণ্যচিত্র/ফিলার/ডকুমেন্টা তৈরি করে সোশাল মিডিয়ার মাধ্যমে প্রচার করে জনগণকে সচেতন করা যায়।	তথ্য অধিদফতর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
০২	অংশীজন: বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড সিনেমা হল মালিকদের সাথে সম্পর্ক তৈরি এবং সিনেমা হলের একটা ডাটাবেজ থাকা দরকার।	সিনেমা হল যেগুলো আছে সেগুলোর ব্যপারে গণযোগাযোগ অধিদপ্তর এর নজরদারি অব্যাহত আছে। সিনেমা হল মালিকদের সাথে সু-সম্পর্ক তৈরি এবং প্রতিটি সিনেমা হলের একটা ডাটাবেজ তৈরি করার জন্য গণযোগাযোগ অধিদপ্তরকে অনুরোধ জানান। এ বিষয়ে তাদের সার্বিক সহযোগিতা অব্যাহত থাকবে বলে জানান।	গণযোগাযোগ অধিদফতর

৩.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


20.02.2022

স. ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৩৩১০৩৪

নং-১৫.৫৭.০০০০.০০১.১৬.০০৫.২১. ৭৫২

তারিখ: ২৭ মাঘ, ১৪২৮
১০ ফেব্রুয়ারি, ২০২২

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।
- ০৫। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ সেন্সর বোর্ড, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা।
- ০৬। পরিচালক/সিনিয়র সম্পাদক/ উপপরিচালক/ সম্পাদক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ঢাকা।
- ০৭। সহকারী পরিচালক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। অফিস কপি।
- ১০। ওয়েবসাইট।